৩০

# প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা-২০১২

সেট : ১
তারিখ : ২৪.০২.২০১২
[কোড : পদ্মা]
সময় : ১ ঘণ্টা ২০ মিনিট
পূর্ণমান : ৮০

যে সকল জেলায় পরীক্ষা অনুষ্ঠিত হয়েছিল
নারায়ণগঞ্জ, ময়মনসিংহ, কিশোরগঞ্জ, চট্টগ্রাম, নোয়াখালী, লক্ষীপুর, জামালপুর, নেত্রকোণা, শেরপুর।

[দ্রষ্টব্য: সকল প্রশ্নের মান সমান। ক্যালকুলেটর ব্যবহার নিষিদ্ধ।]

০১. ১০ বছর আগে রহিমের বয়স ছিল করিমের বয়সের অর্ধেক। যদি তাদের বর্তমান বয়সের অনুপাত ৩ : ৪ হয়, তবে তাদের বর্তমানে মোট বয়স কত?

ক. ৩৫ বছর খ. ৪৫ বছর
গ. ৫৬ বছর ঘ. ৬৩ বছর

উত্তর✓ ক ব্যাখ্যা মনে করি, বর্তমানে রহিমের বয়স ৩x বছর
" " করিমের " ৪x "

প্রশ্নমতে, ৩x − ১০ = $\frac{১}{২}$ (৪x − ১০)

⇒ ৬x − ২০ = ৪x − ১০
⇒ ৬x − ৪x = ২০ − ১০
২x = ১০
x = $\frac{১০}{২}$ = ৫
∴ x = ৫

∴ রহিমের বয়স (৩ × ৫) = ১৫ বছর
করিমের " (৪ × ৫) = ২০ বছর
তাদের মোট বয়স = ৩৫ বছর।

০২. একটি সংখ্যার তিনগুণের সাথে দ্বিগুণ যোগ করলে ৯০ হয়। সংখ্যাটি কত?

ক. ২৪ খ. ২০
গ. ১৮ ঘ. ১৬

উত্তর✓ গ ব্যাখ্যা মনে করি, সংখ্যাটি x
প্রশ্নমতে, ৩x + ২x = ৯০
⇒ ৫x = ৯০
⇒ x = $\frac{৯০}{৫}$
∴ x = ১৮

০৩. এক ব্যক্তি ক্রয়মূল্যের উপর ৫০% বেশি হিসেব করে বিক্রয়মূল্য নির্ধারণ করে। সে নির্ধারিত বিক্রয়মূল্যের উপর ১০% কমিশন দিয়ে জিনিস বিক্রয় করে। তার মোটের উপর শতকরা কত লাভ হয়?

ক. ৫০ টাকা খ. ৪৫ টাকা
গ. ৪০ টাকা ঘ. ৩৫ টাকা

উত্তর✓ ঘ ব্যাখ্যা মনে করি, ক্রয়মূল্য ১০০ টাকা
৫০% বাড়তি ধরে, নির্ধারিত মূল্য (১০০ + ৫০) = ১৫০ টাকা

১০% কমিশনে বিক্রয়মূল্য = $\frac{১০০ - ১০}{১০০}$ × ক্রয়মূল্য
= $\frac{৯০}{১০০}$ × ১৫০
= ১৩৫ টাকা

∴ লাভ = ১৩৫ − ১০০ = ৩৫ টাকা।

০৪. কোনো একটি জিনিস নির্মাতা ২০% লাভে এবং খুচরা বিক্রেতা ২০% লাভে বিক্রয় করে। যদি ঐ জিনিসের নির্মাণ খরচ ১০০ টাকা হয়, তবে খুচরা মূল্য কত?

ক. ১৪০ টাকা খ. ১৪৪ টাকা
গ. ১২৪ টাকা ঘ. ১২০ টাকা

উত্তর✓ খ ব্যাখ্যা
নির্মাতার বিক্রয়মূল্য (১০০ + ২০) = ১২০ টাকা

খুচরা বিক্রেতার বিক্রয়মূল্য = ১২০ + ১২০ এর $\frac{২০}{১০০}$
= ১২০ + ২৪
= ১৪৪ টাকা

০৫. নির্দিষ্ট দামে একটি দ্রব্য বিক্রয় করাতে ২০% ক্ষতি হল। এটি ৬০.০০ টাকা বেশি মূল্যে বিক্রয় করতে পারলে ১০% লাভ হত। দ্রব্যটির ক্রয়মূল্য কত?

ক. ২০০ টাকা খ. ৩০০ টাকা
গ. ২৬০ টাকা ঘ. ২২০ টাকা

উত্তর✓ ক ব্যাখ্যা ক্রয়মূল্য = $\frac{১০০ \times \text{বেশি বিক্রয়মূল্য}}{১ম\% + ২য়\%}$
= $\frac{১০০ \times ৬০}{২০ + ১০}$ = $\frac{১০০ \times ৬০}{৩০}$
= ২০০ টাকা

০৬. একটি চৌবাচ্চা তিনটি নল দিয়ে যথাক্রমে ১০, ১২ ও ১৫ ঘণ্টায় পূর্ণ হতে পারে। তিনটি নল এক সঙ্গে খুলে দিলে চৌবাচ্চার অর্ধেক পূর্ণ হতে কত সময় লাগবে?

ক. ৬ ঘণ্টা খ. ৪ ঘণ্টা
গ. ৩ ঘণ্টা ঘ. ২ ঘণ্টা

উত্তর✓ ঘ ব্যাখ্যা
সময় = $\frac{abc}{ab + bc + ca}$ × অংশ
= $\frac{১০ \times ১২ \times ১৫}{১০ \times ১২ + ১২ \times ১৫ + ১৫ \times ১০}$ × $\frac{১}{২}$
= $\frac{১৮০০}{৪৫০}$ × $\frac{১}{২}$
= ২ ঘণ্টা

a = ১০
b = ১২
c = ১৫
অংশ = $\frac{১}{২}$

**০৭. ঘণ্টায় ৫ কিমি বেগে চললে কোনো স্থানে পৌঁছাতে যে সময় লাগে, ঘণ্টায় ৬ কিমি বেগে চললে তার চেয়ে ৩০ মিনিট কম লাগে। স্থানটির দূরত্ব কত?**

ক. ২৫ কিমি খ. ২২ কিমি
গ. ২০ কিমি ঘ. ১৫ কিমি

উত্তর✓ ঘ ব্যাখ্যা ধরি, স্থানটির দূরত্ব x কি.মি.

৩০ মিনিট $= \frac{৩০}{৬০} = \frac{১}{২}$ ঘণ্টা

প্রশ্নমতে, $\frac{x}{৫} = \frac{x}{৬} + \frac{১}{২}$

$\Rightarrow \frac{x}{৫} = \frac{২x + ৬}{১২}$

$\Rightarrow ১২x = ১০x + ৩০$

$\Rightarrow ২x = ৩০$

$\Rightarrow x = ১৫$ কি.মি.

**০৮. কোনো শ্রেনিতে ২০ জন ছাত্রীর বয়সের গড় ১২ বছর। ৪ জন নতুন ছাত্রী ভর্তি হওয়াতে বয়সের গড় ৪ মাস কমে গেল। নতুন ৪ জন ছাত্রীর বয়সের গড় কত?**

ক. ৮ বছর খ. ৯ বছর
গ. ১০ বছর ঘ. ১১ বছর

উত্তর✓ গ ব্যাখ্যা

২০ জন ছাত্রীর মোট বয়স (২০ × ১২) = ২৪০ বছর

২৪ জন ছাত্রীর বয়সের গড় $= ১২ - \frac{৪}{১২} = \frac{৩৫}{৩}$ বছর

২৪ জন ছাত্রীর মোট বয়স $= \frac{৩৫}{৩} \times ২৪ = ২৮০$ বছর

৪ জন ছাত্রীর মোট বয়স (২৮০ − ২৪০) = ৪০ বছর

৪ জন ছাত্রীর গড় বয়স $= \frac{৪০}{৪} = ১০$ বছর।

**০৯. ৬ জন পুরুষ, ৮ জন স্ত্রীলোক এবং ১ জন বালকের বয়সের গড় ৩৫ বছর। পুরুষদের বয়সের গড় ৪০ বছর এবং স্ত্রীলোকদের বয়সের গড় ৩৪ বছর। বালকের বয়স কত?**

ক. ১৩ বছর খ. ১৪ বছর
গ. ১৫ বছর ঘ. ১৬ বছর

উত্তর✓ ক ব্যাখ্যা ৬ জন পুরুষ + ৮ জন স্ত্রী লোক + ১ জন বালকের মোট বয়স (৩৫ × ১৫) = ৫২৫ বছর

৬ জন পুরুষের মোট বয়স (৪০ × ৬) = ২৪০ বছর

৮ " স্ত্রীলোকের " " (৩৪ × ৮) = ২৭২ বছর

∴ বালকের বয়স = ৫২৫ − (২৪০ + ২৭২)
= ৫২৫ − ৫১২ = ১৩ বছর।

**১০. $2x^4 + x - 15$ এর উৎপাদক কোনটি?**

ক. $(x-3)(2x-5)$ খ. $(x+3)(2x+5)$
গ. $(x+3)(2x-5)$ ঘ. $(x-3)(2x+5)$

উত্তর✓ = ব্যাখ্যা $2x^2 + x - 15 = 2x^2 + 6x - 5x - 15$
$= 2x(x+3) - 5(x+3)$
$= (x+3)(2x-5)$

[**Note:** প্রশ্নে $2x^4$ এর স্থলে $2x^2$ হলে উত্তর হবে-
$(x+3)(2x-5)$]

**১১. $a + b = 7$ এবং $ab = 10$ হলে, $a^2 + b^2 + 3ab =$ কত?**

ক. 29 খ. 59
গ. 49 ঘ. 69


উত্তর✓ খ ব্যাখ্যা $a^2 + b^2 + 3ab = a^2 + 2ab + b^2 + ab$
$= (a+b)^2 + ab$
$= (7)^2 + 10$
$= 49 + 10 = 59$

**১২. কোনো ত্রিভুজের শিরঃকোণের সমদ্বিখণ্ডক যদি ভূমির উপর লম্ব হয়, তবে ত্রিভুজটিকে কি বলে?**

ক. সমদ্বিবাহু খ. সমবাহু
গ. সমকোণী ঘ. স্থূলকোণী

উত্তর✓ ক ব্যাখ্যা

সমদ্বিবাহু ত্রিভুজের শিরঃকোণের সমদ্বিখণ্ডক ভূমিকে সমদ্বিখণ্ডিত করে এবং ভূমির উপর লম্ব হয়।





**১৩. দুটি বৃত্ত যদি পরস্পর স্পর্শ করে তবে কেন্দ্রদ্বয় হতে স্পর্শ বিন্দুগামী সরলরেখা দুটির অন্তর্ভুক্ত কোণ–**

ক. সূক্ষ্মকোণ খ. স্থূলকোণ
গ. সমকোণ ঘ. সরলকোণ

উত্তর✓ ঘ ব্যাখ্যা

দু'টি বৃত্ত যদি পরস্পর স্পর্শ করে তবে কেন্দ্রদ্বয় হতে স্পর্শ বিন্দুগামী সরলরেখা দু'টির অন্তর্ভুক্ত কোণ এক সরলকোণ।




$\angle AOB$ = এক সরলকোণ
$= 180°$

**১৪. Which is the verb of the word 'false'?**

ক. Falsehood খ. Falsen
গ. Falsify ঘ. Falsity

উত্তর✓ গ ব্যাখ্যা 'false' শব্দটি হচ্ছে adjective এর verb form হচ্ছে falsify যার অর্থ হচ্ছে মিথ্যা বর্ননা করা।

**১৫. Which is the adjective of the word 'contempt'?**

ক. Contemptible খ. Contempting
গ. Contemption ঘ. Contemptable

উত্তর✓ ক ব্যাখ্যা 'contempt' অর্থ অবজ্ঞা/ঘৃনা। এর Adjective form হচ্ছে 'Contemptible' যার অর্থ হচ্ছে ঘৃণ্য।

**১৬. কোনটি শুদ্ধ বানান?**

ক. Greivance খ. Grievance
গ. Griveance ঘ. Grieveance

উত্তর✓ খ ব্যাখ্যা Grievance (N)→অসন্তোষ

**১৭. কোনটি শুদ্ধ বানান?**

ক. Sattellite খ. Sattelite
গ. Satelite ঘ. Satellite

উত্তর✓ ঘ ব্যাখ্যা Satellite (N)→উপগ্রহ

**১৮. "They elected him captain", বাক্যের পরিবর্তিত voice form হচ্ছে–**

ক. He has been elected captain by them.
খ. He elected captain by them.
গ. He was elected captain by them.
ঘ. He is elected capain by them.

উত্তর✓ গ ব্যাখ্যা উপরোক্ত Active voice টিতে দুইটি object আছে। 'captain' হলো উপাধিবাচক কর্ম (factitive object)। নিয়মানুযায়ী factitive object টি subject হিসাবে passive voice এ ব্যবহার করা যাবে না। এটি verb এর past participle এর পরে বসে।

**১৯. "His behaviour annoys me sometimes". 'বাক্যের passive form হচ্ছে–**

ক. Sometimes I am annoyed at his behaviour.
খ. Sometimes I am annoyed to his behaviour.
গ. I was annoyed sometimes at his behaviour.
ঘ. I am annoyed sometimes at his behaviour.

উত্তর✓ ক ব্যাখ্যা লক্ষনীয় বিষয় হলো sometimes টি sentence এর শুরুতে ব্যবহার করতে হবে এবং বাক্যের স্বাভাবিক ছন্দ বজায় রাখতে হবে। এছাড়া by এর পরিবর্তে at বসবে।

**২০. Nasima said, "What a fine picture it is!" এর Indirect speech হচ্ছে–**

ক. Nasima said that it is a very fine picture.
খ. Nasima exclaimed that it was a very fine picture.
গ. Nasima exclaimed that it is a very fine picture.
ঘ. Nasima exclaimed that what a fine picture it was.

উত্তর✓ খ ব্যাখ্যা Exclamatory sentence এর indirect speech করতে হলে: subject + said পরিবর্তে exclaimed + that + Reported speechএর subject বসবে। এখানে it) + verb এর past form+ a/an থাকলে বসাতে হবে + very/great বসাতে হবে + বাকি অংশ।

**২১. "He asked me when the next letter would come." বাক্যের direct speech হচ্ছে–**

ক. He said to me, "When would the next letter come."
খ. He asked me, "When will the next letter come?"
গ. He said to me, "When will the next letter come?"
ঘ. He said to me, "When the next letter will come?"

উত্তর✓ গ ব্যাখ্যা Indirect speech এ 'would' থাকলে বুঝতে হবে direct speech এ 'will' হবে এবং sentence টি Interrogative হবে। direct speech asked এর পরিবর্তে said verb থাকবে।

**২২. He is afflicted —— gout. বাক্যের শূন্যস্থানে সঠিক শব্দ বসবে–**

ক. to খ. of
গ. on ঘ. with

উত্তর✓ ঘ ব্যাখ্যা "Afflicted" এর পর appropriate preposition 'with' ব্যবহার করতে হয়। He is afflicted with gout অর্থ হল 'সে গেঁটেবাত রোগে পীড়িত'।

**২৩. "Your conduct admits —— no excuse." বাক্যের শূন্যস্থানে সঠিক শব্দ বসবে–**

ক. at খ. for
গ. from ঘ. of

উত্তর✓ ঘ ব্যাখ্যা admit of 'এর' অর্থ হলো 'অবকাশ থাকা'।

**২৪. 'To see eye to eye with' idiom টির সঠিক অর্থ–**

ক. to agree খ. to state fixedly
গ. To be angry ঘ. To take revenge

উত্তর✓ ক ব্যাখ্যা 'To see eye to eye with' idiom টির অর্থ হলো সম্মত হাওয়া (to agree)।

**২৫. 'All at once' idiomটির অর্থ হচ্ছে–**

ক. Quickly খ. Slowly
গ. Suddenly ঘ. Gradually

উত্তর✓ গ ব্যাখ্যা 'All at once' অর্থ হচ্ছে হঠাৎ (suddenly).

**২৬. কোনটি শুদ্ধ বাক্য?**

ক. I am not bad with tennis.
খ. He has assured me of safety.
গ. He parted with his friends in tears.
ঘ. The rich is not always happy.

উত্তর✓ খ ব্যাখ্যা সঠিক উত্তর টি হচ্ছে (খ) কারণ এতে Preposition এর সঠিক ব্যবহার রয়েছে। (ক) এ Preposition 'at' হবে। (গ) এ with এর পরিবর্তে 'from' হবে এবং (ঘ) এ The rich এর পর Plural verb 'are' হবে।

**২৭. কোন বাক্যটি শুদ্ধ?**

ক. No news are good news.
খ. Everything hings for what happens next.
গ. I have no aptitude to music.
ঘ. I concur with you on your decision.

উত্তর✓ ঘ ব্যাখ্যা

- অপশন (ক) সঠিক নয়। কারণ news হলো singular তাই news এর পরে singular verb হয়।
- অপশন (খ) এ hinge এর পর preposition 'on/upon' ব্যবহার করতে হবে। hinge on/upon → নির্ভর করা।
- অপশন (গ) এ Preposition 'to' এরপরিবর্তে 'for' বসবে।
- অপশন (ঘ) সঠিক। এক্ষেত্রে সঠিক Preposition এর ব্যবহার হয়েছে। Concur with (sb) on (sth)– কোন বিষয়ে সম্মত হওয়া।

**২৮. 'ওরা কদম আলী' নাটকটির রচয়িতা কে?**

ক. মামুনুর রশীদ খ. জোবায়দা খানম
গ. গুবায়েদুল হক ঘ. নারায়ণ গঙ্গোপাধ্যায়

**উত্তর ✓ ক** **ব্যাখ্যা** মামুনুর রশীদ বাংলাদেশের একজন বিখ্যাত নাট্যকার। তাঁর রচিত উল্লেখযোগ্য নাটক : ওরা কদম আলী, মে দিবস, ইবলিশ, গিনিপিগ, সমতট, পাথর, লেবেদেফ, এখানে নোঙর, ওরা আছে বলেই।

**২৯. 'শিকওয়াহ ও জওয়াব-ই-শিকওয়াহ' অনুবাদ গ্রন্থটির রচয়িতা কে?**

ক. আবুল কালাম শামসুদ্দীন খ. কাজী আবদুল ওদুদ
গ. ড. মুহম্মদ শহীদুল্লাহ ঘ. ইব্রাহীম খাঁ

**উত্তর ✓ গ** **ব্যাখ্যা** ড. মুহম্মদ শহীদুল্লাহ ছিলেন প্রধানত ভাষাতত্ত্ববিদ। তাঁর উল্লেখযোগ্য অনুবাদগ্রন্থ : শিকওয়াহ ও জওয়াব-ই-শিকওয়াহ, রুবাইয়াত ই ওমর খ্যায়াম, দীওয়ান-ই-হাফিজ। তাঁর উল্লেখযোগ্য গবেষণামূলকগ্রন্থ : বাংলা ভাষার ইতিবৃত্ত, বাংলা সাহিত্যের কথা, ভাষা ও সাহিত্য, বাংলা ভাষার ব্যাকরণ, বাংলাদেশের আঞ্চলিক ভাষার অভিধান।

**৩০. 'সর্বহারা' কাব্যগ্রন্থটির রচয়িতা কে?**

ক. গোলাম মোস্তফা খ. কামিনী রায়
গ. রবীন্দ্রনাথ ঠাকুর ঘ. কাজী নজরুল ইসলাম

**উত্তর ✓ ঘ** **ব্যাখ্যা** কাজী নজরুল ইসলাম রচিত প্রথম কাব্যগ্রন্থ 'অগ্নি-বীণা'। তাঁর রচিত উল্লেখযোগ্য কাব্যগ্রন্থ : মরুভাস্কর, সঞ্চিতা, চিত্তনামা, ছায়ানট, বিষের বাঁশি, সাম্যবাদী, ফণি-মনসা, ঝিঙেফুল, প্রলয়-শিখা, ভাঙ্গার গান, দোলন-চাঁপা, সন্ধ্যা, চন্দ্রবিন্দু।

**৩১. কোনটি শুদ্ধ বানান?**

ক. নিরিহ খ. নিরীহ
গ. নীরিহ ঘ. নীরীহ

**উত্তর ✓ খ** **ব্যাখ্যা** কয়েকটি গুরুত্বপূর্ণ বানান : স্বায়ত্তশাসন, পরাস্ত, বক্ষ্যমান, পক্ব, অতিথি, গোধূলি, সুকেশা, কুসংস্কার।

**৩২. কোনটি শুদ্ধ বানান?**

ক. নিশীথ খ. নিশিথ
গ. নীশীথ ঘ. নীশিথ

**উত্তর ✓ ক** **ব্যাখ্যা** কয়েকটি গুরত্বপূর্ণ বানান : মৃত্যুত্তীর্ণ, মন্ত্রিপরিষদ, শশাঙ্ক, রীতিনীতি, ঘনিষ্ঠ, তিরস্কার, সৌপ্তিক, জাজ্বল্যমান, জ্যোতির্ময়, উচ্ছৃঙ্খল, ব্যুৎপত্তি, প্রনষ্ট,পুরস্কার, কুজ্ঝটিক।

**৩৩. '<u>পাগলে</u> কিনা বলে।' বাক্যে নিম্নরেখ শব্দটি কোন কারকে কোন বিভক্তি?**

ক. কর্তায় ষষ্ঠী খ. কর্তায় ২য়া
গ. কর্তায় ৭মী ঘ. কর্তায় শূন্য

**উত্তর ✓ গ** **ব্যাখ্যা** বাক্যস্থিত যে বিশেষ্য বা সর্বনামপদ ক্রিয়া সম্পন্ন করে তাকে ক্রিয়ার কর্তা বা কর্তৃকারক বলে। পদের শেষে এ, য়, তে থাকলে তা সপ্তমী বিভক্তি।

**৩৪. 'এই <u>নদীর</u> মাছ বড়।' বাক্যের নিম্নরেখ শব্দটি কোন কারকে কোন বিভক্তি?**

ক. অধিকরণে ২য়া খ. অপাদানে ৭মী
গ. করণে ৭মী ঘ. অধিকরণে ৬ষ্ঠী

**উত্তর ✓ ঘ** **ব্যাখ্যা** ক্রিয়ার সঙ্গে কোথায়, কিসে, কখন যোগ করে প্রশ্ন করলে যে উত্তর পাওয়া যায় তাই অধিকরণ কারক। 'নদীর' শব্দটিতে 'র' বিভক্তি থাকায় এটি অধিকরণ কারকে ষষ্ঠী বিভক্তি।

**৩৫. যে যে পদে সমাস হয় তাদের প্রত্যেকটির নাম কী?**

ক. ব্যাসবাক্য খ. সমস্যমান পদ
গ. সমাসবাক্য ঘ. সমস্তপদ

**উত্তর ✓ খ** **ব্যাখ্যা** বিলাত থেকে ফেরত = বিলাত ফেরত। এখানে বিলাত, থেকে, ফেরত এ তিনটি সমস্যমান পদ। 'বিলাত ফেরত' সমস্তপদ।

**৩৬. কর্মধারয় সমাসে কোন পদ প্রধান?**

ক. পূর্বপদ খ. পরপদ
গ. উভয়পদ ঘ. অন্যপদ

**উত্তর ✓ খ** **ব্যাখ্যা** যেখানে বিশেষণ বা বিশেষণ ভাবাপন্ন পদের সাথে বিশেষ্য বা বিশেষ্য ভাবাপন্ন পদের সমাস হয় এবং পরপদের অর্থই প্রধানরূপে প্রতীয়মান হয়, তাকে কর্মধারয় সমাস বলে।

**৩৭. 'প্রসন্ন' এর বিপরীতার্থক শব্দ–**

ক. বিপন্ন খ. আসন্ন
গ. প্রতিপন্ন ঘ. বিষণ্ন

**উত্তর ✓ ঘ** **ব্যাখ্যা** কয়েকটি গুরুত্বপূর্ণ বিপরীত শব্দ : ঈশান - নৈর্ঋত; উদ্যত - বিরত; আবাহন - বিসর্জন; উন্মীলন - নিমীলন; উজার - ভরপুর; উন্নীত - অবনমিত; ঊষা - গোধূলি।

**৩৮. 'পর্বত' এর সমার্থক শব্দ নয়–**

ক. পাহাড় খ. গিরি
গ. শিলা ঘ. শৈল

**উত্তর ✓ গ** **ব্যাখ্যা** 'পর্বত' শব্দের সমার্থক : পাহাড়, গিরি, শৈল। অপরদিকে, 'শিলা' শব্দের সমার্থক : পাথর, প্রস্তর, উপল, অশ্ম।

**৩৯. কুঁড়ে স্বভাব কোন বাগ্‌ধারা দ্বারা বোঝানো হয়?**

ক. উনপঞ্চাশ বায়ু খ. আঠারো মাসে বছর
গ. অকালকুষ্মাণ্ড ঘ. অল্পবিদ্যা ভয়ঙ্করী

**উত্তর ✓ খ** **ব্যাখ্যা** কতিপয় বাগ্‌ধারা : উনপঞ্চাশ বায়ু (পাগলামি), অকালকুষ্মাণ্ড (অপদার্থ, অকেজো), অল্পবিদ্যা ভয়ংকরী (সামান্য বিদ্যার অহংকার), ইঁচড়ে পাকা (অকালপক্ব), অগ্নিশর্মা (নিরতিশয় ক্রুদ্ধ), পালের গোদা (দলপতি)।

**৪০. 'নীরস' এর সন্ধিবিচ্ছেদ–**

ক. নিঃ + রস খ. নি + রস
গ. নী + রস ঘ. নীঃ + রস

**উত্তর ✓ ক** **ব্যাখ্যা** নিঃ + রস = নীরস (বিসর্গ সন্ধি)। ই কিংবা উ ধ্বনির পরের বিসর্গের সঙ্গে 'র' এর সন্ধি হলে বিসর্গের লোপ হয় ও বিসর্গের পূর্ববর্তী হ্রস্বস্বর দীর্ঘ হয়। যেমন : নিঃ + রব = নীরব।

**৪১. যে বর্ণ বা বর্ণ সমষ্টি ধাতু বা শব্দের পরে যুক্ত হয়ে নতুন শব্দ গঠন করে তাকে বলে–**

ক. ক্রিয়া খ. উপসর্গ
গ. বিভক্তি ঘ. প্রত্যয়

**উত্তর ✓ ঘ** **ব্যাখ্যা** বাক্যে যে পদ কোনো কিছু করা, হওয়া ইত্যাদি নির্দেশ করে তাকে ক্রিয়া বলে। যেসব অব্যয় ধাতুর পূর্বে যুক্ত হয়ে অর্থযুক্ত শব্দের সৃষ্টি করে তাকে উপসর্গ বলে। বাক্যস্থিত একটি শব্দের সঙ্গে অন্য শব্দের অন্বয় সাধনের জন্য যে সকল বর্ণ যুক্ত হয়, তাদের বিভক্তি বলে।

**৪২. গ্রিন হাউজ ইফেক্ট বলতে কি বোঝায়?**

ক. সূর্যালোকের অভাবে সালোকসংশ্লেষণে ঘাটতি

খ. প্রাকৃতিক চাষের বদলে ক্রমবর্ধমানভাবে কৃত্রিমচাষের প্রয়োজনীয়তা

গ. তাপ আটকা পড়ে সার্বিক তাপমাত্রা বৃদ্ধি

ঘ. উপগ্রহের সাহায্যে দূর থেকে ভূমণ্ডলের অবলোকন

উত্তর✓ গ ব্যাখ্যা গ্রিন হাউজ ইফেক্ট বলতে তাপ আটকে পড়ে সার্বিক তাপমাত্রা বৃদ্ধিকে বোঝায়। বায়ুমণ্ডলে কার্বন ডাই অক্সাইডের মাত্রা বৃদ্ধি পাওয়াতে ক্ষুদ্র তরঙ্গ দৈর্ঘ্যের সূর্য তাপ পৃথিবীতে প্রবেশ করতে পারে। কিন্তু এই তাপ যখন ভূ-পৃষ্ঠ বিকীরণ করে তখন দীর্ঘ তরঙ্গ দৈর্ঘ্যের এই তাপ মহাশূণ্যে যেতে পারে না। ফলে বায়ুমণ্ডলের তাপমাত্রা বৃদ্ধি পায় এবং যার মাধ্যমে আবহাওয়ার পরিবর্তনশীল প্রতিক্রিয়া দেখা যায়। এই প্রতিক্রিয়াই গ্রিন হাউজ ইফেক্ট।

**৪৩. আকাশ নীল দেখায় কেন?**

ক. নীল সমুদ্রের প্রতিফলনের ফলে

খ. নীল আলোর বিক্ষেপণ অপেক্ষাকৃত বেশি বলে

গ. নীল আলোর তরঙ্গদৈর্ঘ্য বেশি বলে

ঘ. নীল আলোর প্রতিফলন বেশি বলে

উত্তর✓ খ ব্যাখ্যা যে আলোর তরঙ্গ দৈর্ঘ্য যতো কম, সে আলোর বিক্ষেপণ ততো বেশি। আকাশ নীল দেখার কারণ নীল আলোর বিক্ষেপণ বেশি হয়।

**৪৪. কোন উদ্ভিদে স্বপরাগায়ন ঘটে?**

ক. শিম | খ. আম
গ. ধান | ঘ. সরিষা

উত্তর✓ ক ব্যাখ্যা পরাগরেণু যখন একই ফুলের গর্ভমুণ্ডে পতিত হয় এবং পরাগায়ন ঘটে তাকে স্ব-পরাগায়ন বলে। যেমন: শিম, টমেটো, কালজিরা প্রভৃতি।

**৪৫. বজ্রপাতের সময় আপনি নিজের গাড়ি করে যাচ্ছেন। নিজেকে নিরাপদ রাখার জন্য আপনি কোন কাজটি করবেন?**

ক. বাইরে এসে মাটিতে উপুড় হয়ে শুয়ে পড়বেন

খ. বাইরে এসে আকাশের দিকে মুখ করে দাঁড়িয়ে থাকবেন

গ. কোনো বড় গাছের নিচে আশ্রয় নিবেন

ঘ. গাড়ির মধ্যেই বসে থাকবেন

উত্তর✓ ক ব্যাখ্যা বজ্রপাতের সময় করণীয় :

⇒ খোলা বা উঁচু স্থান থেকে দূরে থাকা

⇒ পাকা দালানের নিচে আশ্রয় নেয়া

⇒ উঁচু গাছপালা ও বিদ্যুৎ লাইন থেকে দূরে থাকা

⇒ ঘরের জানালার কাছাকাছি না থাকা

⇒ বিদ্যুৎ চালিত যন্ত্রের ব্যবহার থেকে বিরত থাকা

⇒ গাড়ির ভেতর থাকলে কেনো কংক্রিটের ছাউনির নিচে আশ্রয় নেয়া।

**৪৬. কোন প্রাণীর তিনটি হৃৎপিণ্ড?**

ক. কচ্ছপ | খ. সিল মাছ
গ. ক্যাটল ফিস | ঘ. হাঙ্গর

উত্তর✓ গ ব্যাখ্যা ক্যাটল ফিশ কিন্তু মাছ নয়। এরা কোমল অঙ্গযুক্ত, এবং মলাস্কা বা শামুক জাতীয় প্রাণী। এদের তিনটি হৃদপিণ্ড আছে।

**৪৭. অতি বেগুনি রশ্মি কোথা হতে আসে?**

ক. চন্দ্র | খ. সূর্য
গ. বৃহস্পতি | ঘ. কোনোটিই নয়

উত্তর✓ খ ব্যাখ্যা প্রাণী জগতের জন্য সবচেয়ে ক্ষতিকর হল অতিবেগুনি রশ্মি। সূর্য হতে এ রশ্মি আসে। এ রশ্মি জীব জগতের বিভিন্ন রোগের কারণ।

**৪৮. মেঘনা নদী ব্রহ্মপুত্রের সাথে মিলিত হয়েছে–**

ক. ভৈরব বাজারে | খ. চাঁদপুরের কাছে
গ. গোয়ালন্দে | ঘ. নারায়ণগঞ্জে

উত্তর✓ ক ব্যাখ্যা মেঘনা নদী আসামের নাগা মণিপুর পাহাড়ের দক্ষিণে লুসাই পাহাড়ে উৎপত্তি হয়েছে। মেঘনা নদী পুরাতন ব্রহ্মপুত্রের সাথে মিলিত হয়েছে কিশোরগঞ্জের ভৈরবে এবং পদ্মা নদীর সাথে মিলিত হয়েছে চাঁদপুরে। মিলিত ধারা মেঘনা নাম ধারণ করে বঙ্গোপসাগরে পতিত হয়েছে।

**৪৯. সূর্য অপেক্ষা পৃথিবীর উপর চন্দ্রের আকর্ষণ শক্তি প্রায়–**

ক. আটগুণ | খ. চারগুণ
গ. তিনগুণ | ঘ. দ্বিগুণ উত্তর ঘ

**৫০. শীতলক্ষ্যা নদী উৎপন্ন হয়েছে–**

ক. যমুনা নদী হতে | খ. মেঘনা নদী হতে
গ. পদ্মা নদী হতে | ঘ. ব্রহ্মপুত্র নদ হতে

উত্তর✓ ঘ ব্যাখ্যা থেকে উৎপন্ন বা শাখা নদীগুলো হচ্ছে বংশী, শীতলক্ষ্যা, বানার, শ্রীকালী, সাতিয়া। ব্রহ্মপুত্রের কিছু উপনদী হচ্ছে তিস্তা, ধরলা, দুধকুমার।

**৫১. পরিচলন বৃষ্টি হয় কোন অঞ্চলে?**

ক. শীতপ্রধান অঞ্চলে | খ. নিরক্ষীয় অঞ্চলে
গ. মেরু অঞ্চলে | ঘ. নাতিশীতোষ্ণ অঞ্চলে উত্তর খ

**৫২. মংলা বন্দর কোন নদীর তীরে অবস্থিত?**

ক. পদ্মা | খ. মেঘনা
গ. ভৈরব | ঘ. পশুর

উত্তর✓ ঘ ব্যাখ্যা মোংলা সমুদ্র বন্দর বাগেরহাটে অবস্থিত। মোংলা সমুদ্র বন্দর ১ ডিসেম্বর ১৯৫০ সালে স্থাপিত হয়। বাংলাদেশের দ্বিতীয় এই সমুদ্র বন্দরটি পশুর নদী ও মোংলা নদীর সংযোগস্থলে অবস্থিত। বন্দরটি বঙ্গোপসাগর থেকে ১০০ কিলোমিটার উত্তরে অবস্থিত। মোংলা বন্দর পূর্বে চালনা বন্দর নামে পরিচিত ছিল।

**৫৩. স্বাধীন বাংলা বেতার কেন্দ্র প্রথম কোথায় স্থাপিত হয়েছিল?**

ক. কালুরঘাট | খ. চট্টগ্রাম
গ. রাঙ্গামাটি | ঘ. হালুয়াঘাট

উত্তর✓ ক ব্যাখ্যা স্বাধীন বাংলা বেতারকেন্দ্র প্রথম স্থাপিত হয় ২৮ মার্চ ১৯৭১ সালে চট্টগ্রামের কালুরঘাটে। ৩০ মার্চ ১৯৭১ সালে পাকবাহিনীর বিমান হামলায় বেতারকেন্দ্রটি বন্ধ হয়ে যায়। পরবর্তীতে ৩ এপ্রিল ১৯৭১ সালে ভারতের আগরতলায় পুনরায় কার্যক্রম শুরু করে। ২৫ মে ১৯৭১ সালে স্বাধীন বাংলা বেতারকেন্দ্র কলকাতার বালিগঞ্জে স্থানান্তরিত হয়।

**৫৪. কোন শহরকে মুসলমান, খ্রিস্টান, ইহুদি সকলেই পবিত্র জ্ঞান করে?**

ক. মদিনা | খ. জেদ্দা
গ. জেরুজালেম | ঘ. বাগদাদ

উত্তর✓ গ ব্যাখ্যা জেরুজালেম ইসরাইলে অবস্থিত। এটি বিশ্বের প্রাচীনতম শহরগুলির অন্যতম। এখানেই ইহুদি ধর্ম ও ইসলাম ধর্মের দুটি পবিত্র স্থান যথাক্রমে টেম্পল মাউন্ট ও আল-আকসা মসজিদ অবস্থিত। জেরুজালেম ইহুদি, খ্রিস্টান ও মুসলিমদের কাছে মহাপবিত্র স্থান।

**৫৫. হ্যালির ধূমকেতু আবির্ভূত হয়—**

ক. প্রতি ৮০ বছর পর পর খ. প্রতি ৭৫ বছর পর পর
গ. প্রতি দুইশত বছর পর পর ঘ. প্রতি একশত বছর পর পর

উত্তর ✓ খ ব্যাখ্যা ধূমকেতু একটি বরফাবৃত সৌরজাগতিক বস্তু যা সূর্যের খুব নিকট দিয়ে পরিভ্রমণ করার সময় দর্শনীয়। এর আকৃতি উজ্জ্বল মস্তক বিশিষ্ট এবং লেজ দৈর্ঘ্যে কয়েকশো কোটি কিলোমিটার পর্যন্ত হতে পারে। হ্যালির ধূমকেতু নামকরণ করা হয়েছে ইংরেজ জ্যোর্তিবিজ্ঞানী এডমন্ড হ্যালির নামানুসারে। প্রতি ৭৫-৭৬ বছর পর পর এই ধূমকেতু আবির্ভূত হয়। সর্বশেষ দেখা যায় ৯ ফেব্রুয়ারি ১৯৮৬ সালে।

**৫৬. প্রথম কৃত্রিম উপগ্রহ উড্ডয়ন করে কোন দেশ?**

ক. যুক্তরাষ্ট্র খ. চীন
গ. জাপান ঘ. রাশিয়া উত্তর ঘ

**৫৭. বাংলাদেশের কোন বিজ্ঞানী 'কলিঙ্গ পুরস্কার' লাভের গৌরব অর্জন করেছেন?**

ক. ড. আবদুল্লাহ আল-মুতী শরফুদ্দীন
খ. ড. কুদরত-ই-খুদা
গ. ড. জগদীশ চন্দ্র বসু
ঘ. ড. কামাল উদ্দীন আহমদ

উত্তর ✓ ক ব্যাখ্যা ড. আব্দুল্লাহ আল মুতী শরফুদ্দিন একজন প্রখ্যাত শিক্ষাবিদ, বিজ্ঞান লেখক, বিজ্ঞান কর্মী। তিনি ১৯৮৩ সালে ইউনেস্কোর আন্তর্জাতিক কলিঙ্গ পুরস্কার লাভ করেন বিজ্ঞানকে জনপ্রিয় করার জন্য। কলিঙ্গ পুরস্কারের মূল নাম 'কলিঙ্গ প্রাইজ ফর দ্য পপুলারাইজেশন অব সায়েন্স'। তিনি ১৯৯৫ সালে স্বাধীনতা পদক লাভ করেন।

**৫৮. গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সর্বোচ্চ আইন কি?**

ক. মৃত্যুদণ্ড খ. সংবিধান
গ. সংসদ ঘ. ফৌজদারি আইন

উত্তর ✓ খ ব্যাখ্যা বাংলাদেশের সংবিধানের ৭(২) অনুচ্ছেদে বলা হয়েছে 'জনগণের অভিপ্রায়ের পরম অভিব্যক্তিরূপে এই সংবিধান প্রজাতন্ত্রের সর্বোচ্চ আইন এবং অন্য কোন আইন যদি এই সংবিধানের সহিত অসামঞ্জস্য হয়, তাহা হইলে সেই আইনের যতখানি অসামঞ্জস্যপূর্ণ ততখানি বাতিল হইবে।'

**৫৯. কোন তারিখে বাংলাদেশের সংবিধান কার্যকর হয়?**

ক. ১৬ডিসেম্বর, ১৯৭১ খ. ১০ এপ্রিল, ১৯৭২
গ. ১৬ ডিসেম্বর, ১৯৭২ ঘ. ১০ এপ্রিল, ১৯৭১

উত্তর ✓ গ ব্যাখ্যা বাংলাদেশের সংবিধান প্রণয়নের জন্য ৩৪ সদস্য বিশিষ্ট খসড়া সংবিধান প্রণয়ন কমিটি গঠিত হয় ১০ এপ্রিল ১৯৭২ সালে। এই কমিটির প্রধান বা সভাপতি ছিলেন ড. কামাল হোসেন। তিনি ১২ অক্টোবর ১৯৭২ সালে খসড়া সংবিধান গণপরিষদে উত্থাপন করেন। গণপরিষদ কর্তৃক খসড়া সংবিধান গৃহীত হয় ৪ নভেম্বর ১৯৭২ সালে। ১৬ ডিসেম্বর ১৯৭২ সালে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধান কার্যকর করা হয়।

**৬০. বাংলাদেশে কার উপর আদালতের এখতিয়ার নেই?**

ক. বিচারপতি খ. প্রধানমন্ত্রী
গ. সেনাপ্রধান ঘ. রাষ্ট্রপতি

উত্তর ✓ ঘ ব্যাখ্যা বাংলাদেশের সংবিধানের ৫১ নং অনুচ্ছেদে রাষ্ট্রপতির দায়মুক্তি সম্পর্কে বলা হয়েছে। এই অনুচ্ছেদ অনুযায়ী বাংলাদেশের রাষ্ট্রপতির উপর আদালতের এখতিয়ার নেই।

**৬১. সর্বোচ্চ বীরত্বসূচক উপাধি কি?**

ক. বীরশ্রেষ্ঠ খ. বীর বিক্রম
গ. বীর উত্তম ঘ. বীর প্রতীক

উত্তর ✓ ক ব্যাখ্যা বাংলাদেশের সর্বোচ্চ বীরত্ব খেতাব বীরশ্রেষ্ঠ। মহান মুক্তিযুদ্ধে অসামান্য অবদানের জন্য সাত জনকে বীরশ্রেষ্ঠ খেতাব প্রদান করা হয়েছে। এর মধ্যে সেনাবাহিনীর ৩ জন, ইপিআর ২ জন, নৌবাহিনী ১ জন ও বিমানবাহিনীর ১ জন সদস্য ছিলেন।

**৬২. 'Vacant' শব্দের Synonym হচ্ছে–**


ক. Busy খ. Blank
গ. Engaged ঘ. Employe

উত্তর ✓ খ ব্যাখ্যা Vacant→খালি/ফাঁকা/শূন্য। (ক) এ Busy অর্থ হলো ব্যস্ত। (খ) Blank→খালি/ফাঁকা/শূন্য। (গ) Engaged → জড়িত/ ব্যস্ত/ নিযুক্ত। (ঘ) Employed→নিয়োগ প্রাপ্ত।

**৬৩. ৮, ১১, ১৭, ২৯, ৫৩, ....... ধারাটির পরবর্তী সংখ্যা কত?**

ক. ১৫০ খ. ১০৫
গ. ১০১ ঘ. ৭৫

উত্তর ✓ গ ব্যাখ্যা




**৬৪. $(০.০০৩)^2$ = কত?**

ক. ০.০০০০০৯ খ. ০.০০০০৯
গ. ০.০০০৯ ঘ. ০.০০৯

উত্তর ✓ ক ব্যাখ্যা $(০.০০৩)^2$=০.০০৩×০.০০৩=০.০০০০০৯

**৬৫. 'সৌভাগ্যের বিষয়' কথাটি কোন বাগধারা দিয়ে বুঝানো হয়েছে?**

ক. কেউকেটা খ. শাপে বর
গ. ব্যাঙের আধুলি ঘ. একাদশে বৃহস্পতি

উত্তর ✓ ঘ ব্যাখ্যা কতিপয় বাগ্‌ধারা : কেউকেটা (সামান্য), ব্যাঙের আধুলি (সামান্য সম্পদ), শাপে বর (অনিষ্টে ইষ্ট লাভ)।

**৬৬. নিচের কোনটি জীবাশ্ম জ্বালানি নয়?**

ক. পেট্রোলিয়াম খ. বায়োগ্যাস
গ. কয়লা ঘ. প্রাকৃতিক গ্যাস

উত্তর ✓ খ ব্যাখ্যা ভূ-গর্ভের শিলাস্তরে দীর্ঘকাল চাপা পড়ে থাকা জীবের সামগ্রিক বা আংশিক প্রস্তরীভূত দেহ বা দেহছাপকে জীবাশ্ম বলে। যেমন: কয়লা, প্রাকৃতিক গ্যাস প্রভৃতি জীবাশ্ম জ্বালানি।

**৬৭. মডেমের মাধ্যমে কম্পিউটারের সাথে–**

ক. ইন্টারনেট লাইনের সংযোগ সাধন হয়
খ. টেলিভিশন লাইনের সংযোগ সাধন হয়
গ. টেলিফোন লাইনের সংযোগ সাধন হয়
ঘ. রেডিও লাইনের সংযোগ সাধন হয়

উত্তর ✓ ক ব্যাখ্যা মডেম (মড্যুলেটর-ডিম্যুলেটর) হল একটি যন্ত্র যা একটি প্রেরিত এনালগ সংকেতকে ডিজিটাল তথ্যে রূপান্তর করে এবং ডিজিটাল তথ্যকে পাঠানোর সময় তাকে এনালগ সংকেতে রূপান্তর করে। মডেমের মাধ্যমে কম্পিউটারের সাথে ইন্টারনেট লাইনের সংযোগ দেওয়া হয়।

**৬৮. ঢাকা বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠিত হয়–**

ক. ১৮৯৭ সালে খ. ১৯০২ সালে
গ. ১৯২১ সালে ঘ. ১৯৩২ সালে

উত্তর ✓ গ ব্যাখ্যা নাথান কমিশনের সুপারিশ অনুযায়ী ঢাকা বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠিত হয় ১ জুলাই ১৯২১ সালে। প্রতিষ্ঠাকালীন সময়ে ঢাকা বিশ্ববিদ্যালয়ের অনুষদ ছিল (৩টি কলা, বিজ্ঞান ও আইন)। আবাসিক হল ছিল ৩টি - সলিমুল্লাহ হল, জগন্নাথ হল ও শহীদুল্লাহ হল। ঢাকা বিশ্ববিদ্যালয় যাত্রা শুরু করে ৮৭৭ জন শিক্ষার্থী এবং ৬০ জন শিক্ষক নিয়ে।

**৬৯. সুবাদার ইসলাম খান ঢাকার নাম রাখেন–**

ক. জাহাঙ্গীরনগর খ. জান্নাতাবাদ
গ. ইসলামাবাদ ঘ. নাসিরাবাদ

উত্তর ✓ ক ব্যাখ্যা সম্রাট জাহাঙ্গীর, ইসলাম খানকে বাংলার সুবাদার নিযুক্ত করেন। ইসলাম খানের আসল নাম শেখ আলাউদ্দিন চিশতী। সুবাদার ইসলাম খান ১৬১০ সালে বাংলার রাজধানী বিহারের রাজমহল থেকে ঢাকায় স্থানান্তর করেন এবং ঢাকার নাম রাখেন জাহাঙ্গীরনগর।

**৭০. জিব্রাল্টার প্রণালি পৃথক করেছে–**

ক. ইটালি-সিসিলি খ. আফ্রিকা-স্পেন
গ. ফ্রান্স-ব্রিটেন ঘ. আমেরিকা-এশিয়া

উত্তর ✓ খ ব্যাখ্যা জিব্রাল্টার প্রণালি ভূমধ্যসাগরকে আটলান্টিক মহাসাগরের সাথে সংযুক্ত করেছে। এটি উত্তর আফ্রিকাকে দক্ষিণ-পশ্চিম ইউরোপ থেকে পৃথক করেছে। প্রণালিটি ৬০ কিলোমিটার দীর্ঘ এবং প্রস্থ ১৩ থেকে ৩৯ কিলোমিটার পর্যন্ত।

**৭১. হিজরি সন গণনা শুরু হয়–**

ক. ৬২৩ সাল থেকে খ. ৬২২ সাল থেকে
গ. ৬১২ সাল থেকে ঘ. ৬০২ সাল থেকে

উত্তর ✓ খ ব্যাখ্যা মহানবী হযরত মুহাম্মদ (সাঃ) মক্কার কাফেরদের ষড়যন্ত্রের কারণে মক্কা ছেড়ে মদিনায় চলে যান ৬২২ খ্রিস্টাব্দে। যা হিজরত নামে পরিচিত। এই হিজরতের সময় থেকে হিজরি সাল গণনা শুরু হয়। হিজরি মাসের হিসাব হয় চন্দ্র পঞ্জিকা অনুসারে।

**৭২. বাংলাদেশ স্টান্ডার্ড টাইম ও গ্রিনিচ মান টাইম-এর মধ্যে পার্থক্য হল–**

ক. ১০ ঘণ্টা খ. ৮ ঘণ্টা
গ. ৭ ঘণ্টা ঘ. ৬ ঘণ্টা উত্তর ঘ

**৭৩. কোন দেশের শিক্ষার হার সর্বোচ্চ?**

ক. শ্রীলঙ্কা খ. ভারত
গ. বাংলাদেশ ঘ. পাকিস্তান

উত্তর ✓ ক ব্যাখ্যা ইউনেস্কোর দেয়া তথ্য অনুযায়ী ২০১৭ সালে শিক্ষার হার ছিলো শ্রীলংকা ৯২.৬%, ভারত ৭২.১%, বাংলাদেশ ৬১.৫% ও পাকিস্তানের ৫৬.৪%। সার্কভুক্ত দেশগুলোর মধ্যে শিক্ষার হার সবচেয়ে বেশি মালদ্বীপে ৯৯.৩% এবং সর্বনিম্ন আফগানিস্তানে ৩৮.২%।

**৭৪. WHO-এর সদর দফতর কোথায়?**

ক. ইউএসএ খ. ইতালি
গ. সুইজারল্যান্ড ঘ. ফ্রান্স

উত্তর ✓ গ ব্যাখ্যা বিশ্ব স্বাস্থ্য সংস্থা (WHO) প্রতিষ্ঠিত হয় ৭ এপ্রিল ১৯৪৮ সালে। WHO এর সদর দপ্তর সুইজারল্যান্ডের জেনেভায়। WHO এর বর্তমান সদস্য দেশ ১৯৪টি, সর্বশেষ সদস্য দেশ দক্ষিণ সুদান। WHO এর প্রধানের পদবি মহাপরিচালক।

**৭৫. 'দুলাহাজরা' সাফারি পার্ক কোথায় অবস্থিত?**

ক. বরিশাল খ. কক্সবাজার
গ. রংপুর ঘ. সিলেট

উত্তর ✓ খ ব্যাখ্যা দুলাহাজরা সাফারি পার্কের বর্তমান নাম বঙ্গবন্ধু শেখ মুজিব সাফারি পার্ক। সাফারি পার্কটি কক্সবাজার জেলার চকোরিয়ায় অবস্থিত। উদ্বোধন করা হয় ১৯ জানুয়ারি ২০০১ সালে।

**৭৬. মুক্তিযুদ্ধে বীরত্বের জন্য 'বীরশ্রেষ্ঠ' খেতাব কতজনকে দেওয়া হয়?**

ক. ৫ জন খ. ১০ জন
গ. ৮ জন ঘ. ৭ জন

উত্তর ✓ ঘ ব্যাখ্যা গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার ১৯৭৩ সালের ১৫ ডিসেম্বর সরকারি গেজেট প্রকাশের মাধ্যমে মুক্তিযোদ্ধাদের খেতাব প্রদান করে। চারটি বিভাগে খেতাবপ্রাপ্ত মোট মুক্তিযোদ্ধা ৬৭৬ জন। বীরশ্রেষ্ঠ ৭ জন, বীর উত্তম ৬৮ জন, বীর বিক্রম ১৭৫ জন এবং বীর প্রতীক ৪২৬ জন।

**৭৭. দূষিত বাতাসের কোন গ্যাসটি মানবদেহে রক্তের অক্সিজেন পরিবহন ক্ষমতা নষ্ট করে?**

ক. কার্বন মনোক্সাইড খ. কার্বন ডাইঅক্সাইড
গ. নাইট্রিক অক্সাইড ঘ. সালফার ডাইঅক্সাইড

উত্তর ✓ ক ব্যাখ্যা কার্বন মনোক্সাইড হচ্ছে বর্ণহীন, গন্ধহীন, স্বাদহীন গ্যাস যা বাতাসের তুলনায় হালকা। এটি নীরব ঘাতক, কারণ এটি মানবদেহে রক্তের অক্সিজেন পরিবহন ক্ষমতা নষ্ট করে দেয় এবং মানুষ ধীরে ধীরে মৃত্যুমুখে পতিত হয়।

**৭৮. পলাশীর যুদ্ধ কোন সালে সংঘটিত হয়েছিল?**

ক. ১৮৫৭ সালে খ. ১৮০৩ সালে
গ. ১৭৫৭ সালে ঘ. ১৭৫৫ সালে

উত্তর ✓ গ ব্যাখ্যা পলাশীর যুদ্ধ সংগঠিত হয়েছিল ২৩ জুন ১৭৫৭ সালে ভাগীরথী নদীর তীরে পলাশীর প্রান্তরে। এ যুদ্ধ সংগঠিত হয় বাংলার শেষ নবাব সিরাজউদ্দৌলা এবং ইংরেজ সেনাপতি লর্ড ক্লাইভের মধ্যে। প্রধান সেনাপতি মীরজাফর আলী খান, রায়দুর্লভ, ইয়ারলতিফ, জগৎশেঠ সহ অন্যদের বিশ্বাসঘাতকতায় নবাব এ যুদ্ধে পরাজিত হন।

**৭৯. বাংলাদেশের কোন জেলা দুই দেশের সীমানা দ্বারা বেষ্টিত?**

ক. খাগড়াছড়ি খ. বান্দরবান
গ. রাঙ্গামাটি ঘ. কুমিল্লা

উত্তর ✓ গ ব্যাখ্যা বাংলাদেশের সীমান্তবর্তী জেলা মোট ৩২ টি। এর মধ্যে ভারতের সাথে ৩০টি এবং মিয়ানমারের সাথে ৩টি জেলার সীমান্ত রয়েছে। মিয়ানমারের সীমান্তবর্তী তিনটি জেলা হচ্ছে বান্দরবান, রাঙামাটি ও কক্সবাজার। রাঙামাটি একমাত্র জেলা যা মিয়ানমার ও ভারত এই দুটি দেশের সীমান্তে অবস্থিত।

**৮০. ইন্দোনেশিয়া স্বাধীনতা লাভের পূর্বে কোন দেশের উপনিবেশ ছিল?**

ক. ব্রিটেন খ. পর্তুগাল
গ. হল্যান্ড ঘ. নেদারল্যান্ড

উত্তর ✓ ঘ ব্যাখ্যা ইন্দোনেশিয়া দক্ষিণ-পূর্ব এশিয়ার একটি স্বাধীন রাষ্ট্র। ইন্দোনেশিয়া স্বাধীনতা লাভের পূর্বে নেদারল্যান্ডের উপনিবেশ ছিল। নেদারল্যান্ডের পূর্বনাম হল্যান্ড।